

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং-১২ এ

তারিখঃ ২০/১০/২০০৮ খ্রি।

বিষয়ঃ জেলাজজ ও জেলাজজ সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি (কর্মস্থল ত্যাগ) এবং নৈমিত্তিক ছুটি (কর্মস্থলে অবস্থান) সম্পর্কিত তথ্য প্রেরণ সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশিত হইয়া জানান যাইতেছে যে, অত্র কোর্টের ৫/৭/০৭ খ্রি তারিখে অফিস আদেশ দ্বারা জেলা জজ ও জেলা জজ পদমর্যাদা সম্পন্ন বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে তাহাদের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের বিষয়ে রেজিস্ট্রারের সহিত যোগাযোগ করিতে না পারিলে অতিঃ রেজিস্ট্রার-১ কে টেলিফোনের মাধ্যমে অবগত করানোর জন্য নির্দেশ প্রদান করা হইয়াছিল। ইহা ছাড়াও তাহাদের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের বিষয়টি কর্মস্থল ত্যাগ করিবার কমপক্ষে ২(দুই) দিন পূর্বে রেজিস্ট্রার বাংলাদেশ সুপ্রীম কোর্ট কে লিখিত ভাবে জানাইবার জন্য নির্দেশ প্রদান করা হইয়াছিল।

সম্প্রতি লক্ষ্য করা যাইতেছে যে, জেলাজজ ও জেলাজজ সম পদমর্যাদার বিচার বিভাগীয় কর্মকর্তাগণ অত্র কোর্টের ১০/০৯/২০০২ খ্রি তারিখের সার্কুলার অনুযায়ী ২(দুই) দিন পূর্বে তাহাদের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের বিষয়টি লিখিতভাবে রেজিস্ট্রার বাংলাদেশ সুপ্রীম কোর্টকে অবহিত করিতেছেন না। ফলে অত্র কোর্টে বিভিন্ন প্রশাসনিক কাজের সমস্যার সৃষ্টি হইতেছে।

আরো উল্লেখ্য যে, জেলাজজ ও সমপর্যায়ের কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটির কোন পরিসংখ্যান অত্র কার্যালয়ে নাই। সম্প্রতি নিম্ন আদালতসমূহ পরিদর্শন কালে জেলাজজ ও সমপর্যায়ের কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটি ভোগের বিষয়ে বেশকিছু অনিয়ম পরিলক্ষিত হইয়াছে।

এমতাবস্থায়, উল্লিখিত ১০/০৯/২০০২খ্রি তারিখের সার্কুলার ও ০৫/০৭/২০০৭ খ্রি তারিখের অফিস আদেশের ধারাবাহিকতায় এখন হইতে জেলাজজ ও জেলাজজ সম পদমর্যাদার বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে রেজিস্ট্রারের সহিত যোগাযোগ করিতে না পারিলে অতিঃ রেজিস্ট্রার-১ কে টেলিফোনের মাধ্যমে তাহাদের নৈমিত্তিক ছুটি (কর্মস্থল ত্যাগ) এবং নৈমিত্তিক ছুটির (কর্মস্থলে অবস্থান) বিষয়টি অবহিত করিতে এবং সংশ্লিষ্ট বিচারকগণকে উল্লিখিত ছুটি সম্পর্কে তথ্য প্রেরণ কালে পূর্বের ভোগকৃত মোট নৈমিত্তিক ছুটির মেয়াদ উল্লেখ করিবার জন্য নির্দেশ প্রদান করা হইল।

আদেশক্রমে

স্বা/-

(আবু বকর সিদ্দিকী)
রেজিস্ট্রার